গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয়: সুনীল অর্থনীতি (ব্লু ইকোনোমি) বিষয়ে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ নজিবুর রহমান, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| সভার স্থান | : | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সভাকক্ষ (২য় তলা) |
| সভার তারিখ ও সময় | : | ৮.৮.২০১৮ খ্রি., বিকাল ৩.৩০ টা |
| সভার উপস্থিতি তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভর কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-৩ গত ১১/৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় কমিটির ৪র্থ সভার সিদ্ধান্তসমুহ উপস্থাপন করেন। উক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাকালে দেখা যায়, এ পর্যন্ত ১৫টি মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা হতে ব্লু ইকোনোমি বিষয়ে হালনাগাদ কর্মপরিকল্পনা পাওয়া গেছে এবং তা সমন্বিত করে ব্লু ইকোনোমি সেল হতে বই আকারে ১টি কপি সভাপতি বরাবর দাখিল করা হয়েছে। যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি সে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অনতিবিলম্বে কর্মপরিকল্পনা প্রণয়ন করবে মর্মে উপস্থিত প্রতিনিধিগণ সভায় জানান। এছাড়া ১১/৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত five step approach সংক্রান্ত সিদ্ধান্তটি সকল মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা হতে অত্যন্ত গুরুত্ব এবং আগ্রহের সাথে গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক reflection session আয়োজনের মাধ্যমে পরবর্তী কর্মপন্থা নির্ধারণ করা হচ্ছে বলেও সভায় অবহিত করা হয়।

২। সভায় ব্লু ইকোনোমি বিষয়ে গত ২২/৭/২০১৮ তারিখে মহাপরিচালক-৩ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহও উপস্থাপন করা হয়। এ পর্যায়ে সভাপতি সভায় গৃহীত এ সকল সিদ্ধান্তের আলোকে সুনীল অর্থনীতির উন্নয়নে সমুদ্র সম্পদের সুরক্ষা, সমুদ্র সম্পদ আহরণ, সম্পদের ব্যবহার ও বাণিজ্য সম্পর্কিত কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য আহ্বান জানান।

৩। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১ ব্লু ইকোনোমি বিষয়ে ভূমি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা বিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় আগামী ৭ (সাত) দিনের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক ব্লু ইকোনোমি সেল এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

৩.২ সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রণীত সংশোধিত/হালনাগাদ কর্মপরিকল্পনার সমন্বিত কপি ই-মেইলের মাধ্যমে আগামী ৭ (সাত) দিনের মধ্যে ব্লু ইকোনোমি সেল এবং প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবে।

৩.৩ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ ব্লু ইকোনোমি বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন সভায় গৃহীত সিদ্ধান্তের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ চিহ্নিত করে তা দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৫ (পনের) দিনের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়সহ ব্লু ইকোনোমি সেলে প্রেরণ করবে।

৩.৪ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বিশ্বের যে সকল দেশ সুনীল অর্থনীতিতে উন্নয়ন করেছে বা ভালো অবস্থানে রয়েছে; সে সকল দেশের ব্লু ইকোনোমি সংশ্লিষ্ট আইনের মডেল সংগ্রহপূর্বক সমন্বিত একটি প্রতিবেদন আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট বরাবর প্রেরণ করবে।

৩.৫ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বাংলাদেশের অর্জিত জলসীমার উপর FIR (Flight Information Region) বর্ধিতকরণসহ এয়ার ট্রাফিক সার্ভিস প্রদানের মাধ্যমে বৈদেশিক বিমান কোম্পানীসমূহের নিকট থেকে রাজস্ব আয় প্রাপ্তির বিষয়ে বা এ সংশ্লিষ্ট যে কোন প্রকল্প/কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মেরিটাইর অ্যাফেয়ার্স ইউনিট, বাংলাদেশ বিমান বাহিনী/বাংলাদেশ নৌবাহিনীর সাথে পরামর্শক্রমে পরবর্তী করণীয় নির্ধারণে একটি প্রস্তাবনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে দাখিল করবে।

৩.৬ ব্লু ইকোনোমি সেল নিয়মিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে যোগাযোগ/সমন্বয় করবে এবং এ সংশ্লিষ্ট যে কোন প্রতিবেদন ওয়ার্কিং টিমের আহবায়ক হিসেবে সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট বরাবর উপস্থাপন করবে।

৩.৭ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা আগামী ৭ (সাত) দিনের মধ্যে ব্লু ইকোনোমি বিষয়ে ৩ থেকে ৫ টা প্রকল্প প্রস্তাব, প্রকল্পের ব্যয়, অর্থায়ন ও বাস্তবায়ন প্রক্রিয়া সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রস্তাবনা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

৩.৮ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, মুখ্য সমন্বয়ক (এসডিজি), সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, সচিব, পরিকল্পনা বিভাগ, সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, সচিব, অর্থ বিভাগ, সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট এবং অতিরিক্ত সচিব, ব্লু ইকোনোমি সেল এর সমন্বয়ে একটি Senior level consultative group গঠন করা হল। consultative group সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

৩.৯ সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট consultative group সহ পরবর্তী সভাসমূহে মডারেটর/র‍্যাপোটিয়ার হিসেবে কাজ করবেন।

৩.১০ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে সমন্বয় কমিটিতে কো-অপ্ট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.১১ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ব্লু ইকোনোমি সেল গঠনের বিষয়ে আগামী ৭ (সাত) দিনের মধ্যে প্রজ্ঞাপন জারি করবে এবং ব্লু ইকোনোমি সেলের কার্যক্রম দৃশ্যমান করতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নজিবুর রহমান
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব